

# প্রথম আন্দোলন

শনিবার, ২১ সেপ্টেম্বর ২০১৯, ৬ আশ্বিন ১৪২৬

গাজীপুর

## প্রশিক্ষণ

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) কীটতত্ত্ব বিভাগের উদ্যোগে গতকাল জৈব বালাইনাশকভিত্তিক বালাই ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় 'ফল ও শাকসবজির পোকামাকড় ও রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশকভিত্তিক প্রযুক্তির ব্যবহার' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষক কর্মশালা গাজীপুরের পুর্বািল আদর্শ কলেজের হলরুমে অনুষ্ঠিত হয়েছে। এতে গাজীপুরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ১০৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন। বারির মহাপরিচালক আবুল কালাম আযাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।  
প্রতিনিধি, গাজীপুর

## বারিতে জৈব বালাই নাশক ভিত্তিক প্রযুক্তির ব্যবহার শীর্ষক কর্মশালা গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা  
ইন্সটিটিউটের (বারি) কীটতত্ত্ব  
বিভাগের উদ্যোগে শুক্রবার 'ফল ও  
শাক-সবজির পোকামাকড় ও  
রোগবালাই ব্যবস্থাপনায় জৈব  
বালাইনাশকভিত্তিক প্রযুক্তির ব্যবহার'  
শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষক প্রশিক্ষণ  
কর্মশালা পূবাইল আদর্শ কলেজের  
হলরুমে অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ  
কর্মশালায় গাজীপুরের বিভিন্ন শিক্ষা  
প্রতিষ্ঠানের ১০৫ শিক্ষক অংশগ্রহণ  
করেন।

বারির মহাপরিচালক ড. আবুল  
কালাম আযাদ প্রধান অতিথি হিসেবে  
উপস্থিত থেকে এ প্রশিক্ষণ কর্মশালার  
উদ্বোধন করেন। বারির কীটতত্ত্ব  
বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও  
প্রধান ড. দেবশীষ সরকারের  
সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি  
হিসেবে উপস্থিত ছিলেন বারির  
পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন)  
হাবিবুর রহমান শেখ, সাবেক  
পরিচালক ড. সৈয়দ নূরুল আলম ও  
ড. মদন গোপাল সাহা, পূবাইল আদর্শ  
কলেজের অধ্যক্ষ কাইয়ুম খানসহ  
বারির বিভিন্ন বিভাগের বিজ্ঞানী ও  
কর্মকর্তারা। অনুষ্ঠান পরিচালনা করেন  
কীটতত্ত্ব বিভাগের প্রধান বৈজ্ঞানিক  
কর্মকর্তা ড. নির্মল কুমার দত্ত।

# দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ শনিবার  
৬ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ  
২১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

## জৈব বালাইনাশক প্রযুক্তির ব্যবহার নিয়ে বারিতে কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥  
শুক্রবার দিনব্যাপী 'ফল ও শাক-  
সবজির পোকামাকড় ও  
রোগবালাই ব্যবস্থাপনায় জৈব  
বালাইনাশক ভিত্তিক প্রযুক্তির  
ব্যবহার' শীর্ষক প্রশিক্ষক প্রশিক্ষণ  
কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।  
বাংলাদেশ কৃষি গবেষণা  
ইনস্টিটিউটের (বারি) উদ্যোগে এ  
কর্মশালা অনুষ্ঠিত হয়। বারি'র  
মহাপরিচালক ড. আবুল কালাম  
আযাদ প্রধান অতিথি হিসেবে এ  
প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন  
করেন। বারি'র কীটতত্ত্ব বিভাগের  
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান  
ড. দেবশীষ সরকারের  
সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ  
অতিথি ছিলেন বারি'র পরিচালক  
(পরিকল্পনা ও মূল্যায়ন) হাবিবুর  
রহমান শেখ, সাবেক পরিচালক ড.  
সৈয়দ নূরুল আলম ও ড. মদন  
গোপাল সাহা, পূবাইল আদর্শ  
কলেজের অধ্যক্ষ অধ্যাপক কাইয়ম  
খান প্রমুখ।

শনিবার

২১ সেপ্টেম্বর ২০১৯। ৬ আশ্বিন ১৪২৬

## ফসলে অধিক কীটনাশক জনস্বাস্থ্যের জন্য হুমকি'

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা  
ইনস্টিটিউটের কীটতত্ত্ব বিভাগের  
উদ্যোগে জৈব বালাইনাশকভিত্তিক  
বালাই ব্যবস্থাপনা প্রকল্পের  
আওতায় ফল ও শাক-  
সবজির পোকামাকড় ও  
রোগবালাই ব্যবস্থাপনায় জৈব  
বালাইনাশকভিত্তিক প্রযুক্তির  
ব্যবহার' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষক  
প্রশিক্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।  
গতকাল সকালে গাজীপুরের  
পুবাইল আদর্শ কলেজের হল রুমে  
বারির মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা  
দেবশীষ সরকারের সভাপতিত্বে  
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য  
রাখেন বাংলাদেশ কৃষি গবেষণা  
ইনস্টিটিউটের মহাপরিচালক  
ড. আবুল কালাম আজাদ। তিনি  
বলেন, নিরাপদ খাদ্য এখন মানুষের  
অধিকার। ফসলে অধিক পরিমাণে  
কীটনাশক ব্যবহার করলে তা  
জনস্বাস্থ্যের জন্য হুমকির কারণ  
হয়ে উঠতে পারে। এজন্য আমাদের  
জৈব বালাইনাশক ব্যবহার করতে  
হবে। এতে আমরা যেমন নিরাপদ  
থাকবো তেমনি আমাদের পরবর্তী  
প্রজন্মের স্বাস্থ্যঝুঁকি কমে আসবে।  
অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন  
হাবিবুর রহমান শেখ, মদন গোপাল  
সাহা, অধ্যক্ষ মো. কাইয়ুম খান, ড.  
নিমল কুমার দত্ত।

